

21237 - হাজীসাহেবগণ এই ধরনের পোশাক পরেন কেন?

প্রশ্ন

হজ্জের মধ্যে হাজীসাহেবগণ এই ধরনের পোশাক পরেন কেন?

প্রিয় উত্তর

আল্লাহ তাআলা আমাদেরকে তাঁর রাসূলের ভাষ্যে হজ্জ ও উমরাকালীন সময়ে লুঙ্গি ও চাদর পড়ার নির্দেশ দিয়েছেন; এক গূঢ়রহস্যের কারণে যা তিনিই জানেন। আমাদের উপর আবশ্যিক হলো সওয়াবের আশায় এটি মেনে নেয়া; চাই আমরা এ গূঢ়রহস্যটি জানতে পারি কিংবা না জানি।

আলেমগণ যে গূঢ়রহস্যের কথা উল্লেখ করেছেন এর মধ্যে রয়েছে: কিয়ামতের দিন, সমস্ত মানুষের একত্রিত হওয়ার দিন মানুষের অবস্থাকে স্মরণ করিয়ে দেয়া। ধনী-গরীবের মাঝে সমতা ও বিনয়ের বিষয়টি হাজী সাহেবের অনুভূতিতে জাগিয়ে তোলা।

আমরা আল্লাহর কাছে তাওফিক লাভের এবং মৃত্যু পর্যন্ত হকের উপর অটল অবিচল থাকার দোয়া করছি।

আল্লাহই তাওফিকদাতা এবং আমাদের নবী মুহাম্মদের প্রতি, তাঁর পরিবারপরিজন ও সাহাবীবর্গের প্রতি আল্লাহর রহমত ও শান্তি বর্ষিত হোক।